গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনাতলা,বগুড়া
**website:sonatala.bogra.gov.bd**

স্মারক নং ঃ ০৫.৫০.১০৯৫.০০৬.০৬.০০১.২৫.২২৮

২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৫ খ্রি.

## হাট-বাজার ইজারা পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

সোনাতলা উপজেলাধীন ভৌগোলিক সীমার মধ্যে ( পৌরসভা এলাকা ব্যতীত) নিম্নতফশিল ভূক্ত হাট-বাজার বাংলা ১৪৩২ সালের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের লক্ষে নিম্নোক্ত তারিখ ও ক্যালেন্ডার অনুযায়ী ইচ্ছুক দরপত্র দাতাদের নিকট থেকে পৃথক পৃথক সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত পাওয়া যাবে। দরপত্র দাখিলের তারিখ ও সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত কার্যালয়/স্থান হতে দরপত্র গ্রহণ ও দাখিল করা যাবে।

০১। দরপত্র/সিডিউল প্রাপ্তির স্থান ঃ (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বগুড়া।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সোনাতলা, বগুড়া।
(গ) সহকারী কমিশনার (ভূমি), সোনাতলা, বগুড়া এর কার্যালয়।
(ঘ) অফিসার ইনচার্জ, সোনাতলা থানা।
(ঙ) সোনালী ব্যাংক লিঃ, সোনাতলা শাখা, বগুড়া

০২ দরপত্র/সিডিউল দাখিলের স্থান ঃ (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বগুড়া।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সোনাতলা, বগুড়া।
(গ) সহকারী কমিশনার (ভূমি), সোনাতলা, বগুড়া এর কার্যালয়।

### তপশিল ভূক্ত হাট-বাজার

| ক্রম | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | সরকারী মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | বালুয়া | বালুয়া হাট-বাজার | ৩০,৬৩,৭৮৯/- | ৬,৮০০/- |
| ২ | তেকানী চুকাই নগর | কাচাঁরী হাট-বাজার | ১১,৮৪,৫৫০/- | ৩,০০০/- |
| ৩ | পাকুল্লা | পাকুল্লা হাট-বাজার | ৪,৮৫,৪৮০/- | ১,৬০০/- |
| ৪ | জোড়গাছা | চরপাড়া হাট -বাজার | ৪,৪৪,১৪০/- | ১,৬০০/- |
| ৫ | | করমজা হাট-বাজার | ১,২৭,২৪২/- | ১,০০০/- |
| ৬ | | ভেলুরপাড়া হাট-বাজার | ৯২,৬০৯/- | ৫০০/- |
| ৭ | মধুপুর | হরিখালী হাট -বাজার | ৭,৯৪,০৮১/- | ২,২০০/- |

### দরপত্র দাখিলের ক্যালেন্ডার

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | দরপত্র বাক্স খোলার সময় |
|---|---|---|---|---|
| ১ম বার | ২৩/০৩/২০২৫ খ্রি. | ২৪/০৩/২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বেলা ১:০০ টা | বিকাল ৩:০০ টা |
| ২য় বার | ০৬/০৪/২০২৫ খ্রি. | ০৭/০৪/২০২৫ খ্রি. | --ঐ-- | --ঐ-- |

গত ২২/০২/২০২৫ খ্রি. তারিখে দৈনিক সমকাল এবং ২৩/০২/২০২৫ খ্রি. তারিখে দৈনিক করতোয়া পত্রিকায় অত্র বগুড়া জেলার সোনাতলা উপজেলার ১৪৩২ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। উক্ত বিজ্ঞপ্তির যাবতীয় কার্যক্রম বাতিল বলে গণ্য করা হলো।

**দরপত্রের শর্তাবলী ঃ**

১। বাংলা ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে উদ্ধৃত দরের ৩০% অর্থ তফশিলি ব্যাংক হতে সংগৃহীত ব্যাংক ড্রাফট/পেঅর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। এ অর্থের ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমম্বয় করা হবে ও বাঁকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। হাট বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি করলে উক্ত জামানত থেকে তা মিটানো হবে। সফল দরপত্র দাতাকে তার দাখিলকৃত দরের অবশিষ্ট ৭৫% অর্থ এবং দাখিলকৃত দরের অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর ও ১০% হারে আয়কর দরপত্র গৃহীত হওয়ার সংবাদ প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় সমুদয় জামানত বাজেয়াপ্ত করে হাটটি পুনঃ ইজারা দেয়া হবে। উপরোক্ত দরপত্রের বিষয়ে কোন কিছু জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানা যাবে। নিম্নস্বাক্ষরকারী যে কোন দরপত্র বাতিল/গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য ১ম বার/যে কোন বার দরপত্র অনুষ্ঠানে যদি কোন হাট বাজারের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হয় তবে ঐ হাট বাজারের নাম (পুনঃ দরপত্র অনুষ্ঠানে) বাদ দেওয়া হয়েছে বলে গণ্য হবে। ক্যালেন্ডারে বর্নিত যে তারিখের দরপত্র দাখিলের জন্য সিডিউল ক্রয় করা হবে পরবর্তী তারিখের জন্য ঐ দরপত্র সিডিউল ব্যবহার করা যাবে না। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পরবর্তী তারিখে দরপত্র গ্রহণ করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবে।

প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবে।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারা অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। রাজনৈতিক/ প্রাকৃতিক দূর্যোগ/ অন্যকোন উদ্ভূত পরিস্থিতিতে হাটের আদায় ক্ষতিগ্রস্থ হলে তার জন্য কোন ক্ষতিপূরণ দাবী/লীজ বর্ধিত করণের আবেদন করা যাবে না।

২০। ইজারা অনুমোদিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যারা সমুদয় ইজারা মূল্য, ৫% জামানত, ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে সক্ষম নন তাদের আবেদন করার প্রয়োজন নেই। সিডিউলের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালন করতে সক্ষম ব্যক্তিদের আবেদন করার জন্য বলা হলো।

২১। তফসিলভূক্ত হাট-বাজার ইজারা বিষয়ে মামলা থাকলে সেক্ষেত্রে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০.০৩.২৫


( স্বীকৃতি প্রামানিক )
উপজেলা নির্বাহী অফিসার
সোনাতলা,বগুড়া
ফোন নং-০২৫৮৮৮৭৭২৪৯
ইমেইলঃunosonatola@mopa.gov.bd.


স্মারক নং ঃ ০৫.৫০.১০৯৫.০০৬.০৬.০০১.২৫.২২৮ — তারিখ ঃ ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ১০ মার্চ ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, বগুড়া।
২। পুলিশ সুপার, বগুড়া।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), বগুড়া।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, সোনাতলা,বগুড়া।
৬। উপজেলা নির্বাহী অফিসার ..........................................................(সকল) বগুড়া।
৭। সহকারী কমিশনার (ভূমি), সোনাতলা, বগুড়া। তাঁকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকল ইউনিয়ন ভূমি সহাকারী কর্মকর্তা কর্তৃক জারি অন্তে প্রতিবেদন ৭(সাত)দিনের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
৮। প্রশাসক, সোনাতলা পৌরসভা।
৯। অফিসার ইনচার্জ, সোনাতলা থানা, বগুড়া। তাঁকে দরপত্র দাখিলের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ জানান হলো।
১০। উপজেলা.............................................কর্মকর্তা, সোনাতলা, বগুড়া। তাঁকে তার অফিসের নোটিশ বোর্ডে লটকিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। চেয়ারম্যান ..............................................ইউনিয়ন পরিষদ, সোনাতলা বগুড়া। তাঁকে তাঁর এলাকার হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। সম্পাদক, দৈনিক----------------, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি তার পত্রিকার ভিতরের পাতায় ১ দিনের জন্য স্বল্প পরিসরে প্রচারের অনুরোধ জানান হলো।
১৩। জনাব----------------------------------ইজারাদার,--------------হাট-বাজার বাংলা ১৪৩১ সালের ৩০চৈত্র তারিখের মধ্যে হাটের দখল লিখিতভাবে হস্তান্তরের জন্য অনুরোধ জানানো হলো।
১৪। নোটিশ বোর্ড।

২০.০৩.২৫


উপজেলা নির্বাহী অফিসার
সোনাতলা,বগুড়া
ফোন নং-০২৫৮৮৮৭৭২৪৯